



ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে চাকরি

পদ সংখ্যা-১১১জন

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০০৯.১৯-৮১৬৪ তারিখঃ ২৯/০৭/১৯

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
ড্রাইভার (অবিবাহিত)- ১১১জন বেতনঃ ৯৭০০-২৩৪৯০/-	কমপক্ষে ৮ম শ্রেণী পাস। ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী। শারীরিক যোগ্যতা: উচ্চতা: ৫ফুট৪ইঞ্চিঃ ন্যূনতম। বুক: ৩২ ইঞ্চিঃ ন্যূনতম

১। জাতীয় পরিচয়পত্র বাধ্যতামূলক। (২) আবেদনকারী নির্ধারিত ফরমে কম্পিউটার কম্পোজ করে প্রার্থীর নিজ হাতে স্বাক্ষরসহ আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রের ফরম ও প্রবেশপত্রের নমুনাকপি বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইট www.fireservice.gov.bd পাওয়া যাবে। (৩) বয়স ০১/০৮/২০১৯খ্রিঃ তারিখে ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা কোটায় বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কিন্তু মুক্তিযোদ্ধা সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নয়। বয়সের

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে চাকরি

১ম পাতার পর

ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (বয়সের প্রমাণ হিসেবে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (বাধ্যতামূলক) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। (৪) পূরণকৃত আবেদনপত্রের (বয়সের প্রমাণ হিসাবে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (বাধ্যতামূলক) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। (৫) পূরণকৃত আবেদন ফরমের সাথে সম্প্রতি তোলা ৫সে.মি. x ৫সে.মি. সাইজের ৪ কপি রঙিন ছবি এবং প্রবেশপত্রের সাথে ১ কপি রঙিন ছবি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে। (৬) পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা (অফেরতযোগ্য) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে ১-৭৩৬১-০০০০-২০৩১ কোড নম্বরে ট্রেজারি চালানের মাধ্যমে (বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে ট্রেজারী শাখায়) জমা করে ট্রেজারি চালানের মূলকপি (পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। (৭) পূরণকৃত আবেদন ফরম ও প্রবেশপত্রের কপি (ছবিসহ), পরীক্ষার ফি জমাকৃত ট্রেজারি চালানের মূলকপি, বৈধ ড্রাইভিং লাইসেন্স এর মূলকপি এবং জাতীয় পরিচয়পত্রসহ আগামী ০৪/০৯/২০১৯ তারিখ রোজ বুধবার সকাল ৮.০০টায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স মাঠ, পূর্বাঞ্চল, রূপগঞ্জ, নারায়নগঞ্জ (কুড়িল বিশ্বরোড হতে আনুমানিক ৫-৭ কিঃ মিঃ পূর্ব দিকে ৩০০ ফুট রাস্তা সংলগ্ন, নীলা মার্কেটের বিপরীতে) এ উপস্থিত হতে হবে। (৮) মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণপত্রের মূলকপি (ড্রাইভিং লাইসেন্স, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ ও অবিবাহিত সনদ, মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাময়িক সনদ, গেজেট, মুক্তিবর্তা, মুক্তিযোদ্ধা সংসদের সনদ, পৌর মেয়র/ কমিশনার/ ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যায়ন পত্র এবং বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র) প্রদর্শন করতে হবে এবং ৫ সেমি: x ৫সেমি: সাইজের ২ কপি রঙিন ছবি, গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রসহ সকল সনদ বা প্রমাণপত্রের ১ সেট ফটোকপি জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সম্মিলিত সীল থাকতে হবে। (৯) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (১০) নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে। পরিচালক (প্রশাঃ ও অর্থ) ও সভাপতি, বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি।

সূত্রঃ ডেলিট্রার ৩০/০৭/১৯ইং (পৃঃ ১১)